নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৩৬ ২৫ নভেম্বর ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবিতে রিসার্চ প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক-□□□□□□□□□□□□□□ অংশগ্রহণে রিসার্চ প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৫ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'নেভিগেটিং দ্যা ফান্ডার্স ল্যান্ডস্কেপ্স: দ্যা আর্ট অব রাইটিং এ কমপেলিং রিসার্চ প্রপোজাল' শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা নোবিপ্রবির গ্লোবাল ইমপ্যাক্ট বৃদ্ধির একটি লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছি। এক্ষেত্রে আমাদের বড় স্টেকহোল্ডার হচ্ছেন আমাদের শিক্ষকগণ। আমি মনে করি আমরা যত বেশি কর্মশালা, সেমিনার, প্রশিক্ষণ এবং আলোচনার আয়োজন করতে পারবো ত□□ চিন্তার সুযোগগুলো অবারিত হবে। আজকের রিসোর্স পার্সন অত্যন্ত অভিজ্ঞতাসম্পন্ন। আমি আশা করি উনার অভিজ্ঞতালব্ধ আলোচনা আপনাদের কাজে আসবে।

উপাচার্য আরও বলেন, সম্প্রতি আমাদের শিক্ষকগণ রিসার্চ এবং অন্যান্য বিষয়ে যে সফলতা দেখিয়েছেন আশা করি সেই ধারা অব্যাহত থাকবে। আরো বেশি মানসম্পন্ন প্রজেক্ট আনার ক্ষেত্রে আজকের প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করি।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। রিসোর্স পারসন হিসেবে ছিলেন সৌদি আরবের কিং সালমান হিউম্যানিটেরিয়ান এইড এন্ড রিলিফ সেন্টারের সিনিয়র কনসালটেন্ট ও এডভাইজার অধ্যাপক ড. মোহাম্মদ মিল্লাত-ই-মুস্তফা। প্রশিক্ষণে কোর্স ডাইরেক্টর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (ইটিএল) জি এম রাকিবুল ইসলাম।

প্রশিক্ষণে রিসোর্স পারসন অধ্যাপক ড. মোহাম্মদ মিল্লাত-ই-মুস্তফা বলেন, আপনাদের রিসার্চ প্রপোজালের সঙ্গে যদি এসডিজিকে যুক্ত করা যায় তবে তা অনেক বেশি তাৎপর্যপূর্ণ হবে। এছাড়াও প্রজেক্ট প্রপোজাল ডেভেলপের ক্ষেত্রে ডেটা সেন্টার তৈরী করতে পারলে তা অনেক বেশি কার্যকর ভূমিকা রাখবে।

প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪